

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৪৬.০২৬.০০.০০.১০৫.২০১৬- ২২

তারিখ : ০৩ জানুয়ারি ২০১৭

বিষয় : নাটোর জেলার সিংড়া উপজেলা পরিষদ চত্বরে পুরাতন TTDC ভবন এবং হলরুম নিলামে বিক্রয়ের নিমিত্ত পরিত্যক্ত ঘোষণা।

সূত্র : জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর-এর স্মারক নং-৪৬.৪৩.৬৯০০.০১১.০৪.০০৫.১৫-৫৬৬; তারিখ: ১৫ নভেম্বর ২০১৬।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জেলা কনডেমনেশন কমিটির গত ২৫ অক্টোবর ২০১৬ তারিখের সভায় সিংড়া উপজেলা পরিষদ চত্বরে পুরাতন TTDC ভবন এবং হলরুম পরিত্যক্ত ঘোষণার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সভায় পুরাতন TTDC ভবন এবং হলরুম এর প্রাক্কলন অনুমোদন করা হয় ৩,৫৫,৮৬৮/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার আটশত আটষট্টি) টাকা। কিন্তু উপজেলা নির্বাহী অফিসার, সিংড়া এর পত্রে অডিটরিয়াম, ডায়াবেটিক ভবন ও পাম্প হাউজ পরিত্যক্ত ঘোষণার বিষয়টি উল্লেখ করা হয়েছে। অপরদিকে সিংড়া উপজেলা পরিষদের জুন ২০১৬ তারিখের সভায় পুরাতন টিনসেড ভবন এর প্রাক্কলিত মূল্য ২,৩৯,১৮৭/- (দুই লক্ষ উনচল্লিশ হাজার একশত সাতাশি) টাকা, অডিটরিয়াম ভবন এর প্রাক্কলিত মূল্য ৩,৫৫,৮৬৮/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার আটশত আটষট্টি) টাকা এর প্রাক্কলন অনুমোদিত হয়। প্রস্তাবে পুরাতন টিনসেড ডায়াবেটিক হসপিটল এবং পুরাতন অডিটরিয়াম ভবন এর প্রাক্কলন প্রেরণ করা হয়েছে। জেলা কনডেমনেশন কমিটির সভায় TTDC ভবন এর প্রাক্কলিত মূল্য ৩,৫৫,৮৬৮/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার আটশত আটষট্টি) টাকা অনুমোদিত হয় কিন্তু হলরুমের প্রাক্কলিত মূল্য ২,৩৯,১৮৭/- (দুই লক্ষ উনচল্লিশ হাজার একশত সাতাশি) টাকা অনুমোদিত হয়নি।

এমতাবস্থায়, নাটোর জেলার সিংড়া উপজেলা পরিষদের চত্বরে পুরাতন TTDC ভবন ও হলরুম এর নাম প্রাক্কলনে সঠিকভাবে উল্লেখসহ প্রাক্কলন ০২টি উপজেলা পরিষদ সভায় অনুমোদন গ্রহণ এবং জেলা কনডেমনেশন কমিটির সভায় ভবনসমূহের নাম ও প্রাক্কলিত মূল্য সঠিকভাবে উল্লেখ করে পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

J.A. Min
03/02/2017
(ড. জুলিয়া মঈন)
উপসচিব
ফোন: ৯৫৬২২৪৭

জেলা প্রশাসক
নাটোর।

অনুলিপি :

কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।